বাংলাদেশ জাতীয় জাদুঘর
শাহবাগ, ঢাকা-১০০০
Webpage.www.bangladeshmuseum.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি
১৬ আগস্ট ২০১৬

বাংলাদেশ জাতীয় জাদুঘরে জনবল নিয়োগকল্পে নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

কর্মস্থল: বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা।

ক্রমিক নং	পদের নাম ও জাতীয় বেতন স্কেল (২০১৫)	পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যাদের পুত্র-কন্যা এবং এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী ব্যতীত)
১	২	৩	৪	৫	৬
১	সহকারী কীপার (জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা) ২২০০০-৫৩০৬০/-	০২টি	৩০ বৎসর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নৃবিজ্ঞান, ফোকলোর, ইতিহাস, প্রত্নতত্ত্ব, সমাজবিজ্ঞান, মিউজিওলোজি, ইসলামের ইতিহাস বা বাংলা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী। সংশ্লিষ্ট বিষয়ে গবেষণামূলক প্রকাশনা আছে এইরূপ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	-
২	সহকারী কীপার (প্রত্নতত্ত্ব ও মিউজিওলোজি) ২২০০০-৫৩০৬০/-	০১টি	৩০ বৎসর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রত্নতত্ত্ব বা মিউজিওলোজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রীর অথবা সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী।	-
৩	সহকারী রসায়নবিদ ২২০০০-৫৩০৬০/-	০১টি	৩০ বৎসর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়নবিদ্যা, ফলিত রসায়নবিদ্যা বা সংরক্ষণ বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী।	-
৪	টেক্সিডার্মিস্ট ১২৫০০-৩০২৩০/-	০১টি	৩০ বৎসর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রাণিবিদ্যা বিষয়সহ বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রী। টেক্সিডার্মিতে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	-
৫	সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (স্টেনোগ্রাফার (পি.এ) ১১০০০-২৬৫৯০/-	০১টি	৩০ বৎসর (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য)	কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ বাংলায় অন্যূন ৭০(সত্তর) শব্দের সাঁটলিপি ও কম্পিউটার ব্যবহারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দের গতি এবং ইংরেজীতে অন্যূন ১০০(একশত) শব্দের সাঁটলিপি ও প্রতি মিনিটে ৩০ শব্দের গতি।	ঢাকা বিভাগঃ গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী; চট্টগ্রাম বিভাগঃ খাগড়াছড়ি, বান্দরবান, কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, নোয়াখালী; রাজশাহী বিভাগঃ বগুড়া; রংপুর বিভাগঃ পঞ্চগড়; খুলনা বিভাগঃ বাগের হাট, নড়াইল; বরিশাল বিভাগঃ বরিশাল, ঝালকাঠি ও পিরোজপুর।

১	২	৩	৪	৫	৬
৬	প্রকাশনা সহকারী ১০২০০-২৪৬৮০/-	০১টি	৩০ বৎসর	কোন স্বীকৃত ইন্সটিটিউট হতে প্রিন্টিং টেকনোলজি ডিপ্লোমা। প্রুফ রিডিং ও প্রকাশনামূলক কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।	ঢাকা বিভাগঃ গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী; চট্টগ্রাম বিভাগঃ খাগড়াছড়ি, বান্দরবান, কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, নোয়াখালী; রাজশাহী বিভাগঃ বগুড়া; রংপুর বিভাগঃ পঞ্চগড়; খুলনা বিভাগঃ বাগের হাট, নড়াইল; বরিশাল বিভাগঃ বরিশাল, ঝালকাঠি ও পিরোজপুর।
৭	সার্ভেয়ার ১০২০০-২৪৬৮০/-	০১টি	৩০ বৎসর	কোন স্বীকৃত ইনষ্টিটিউট হতে সার্ভে সংক্রান্ত ডিপ্লোমা।	ঐ
৮	মডেলার ৯৭০০-২৩৪৯০/-	০১টি	৩০ বৎসর	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে চারুকলায় অন্যূন স্নাতক ডিগ্রী; এবং (খ) মডেল ও ডিওরমা তৈরীতে বাস্তব অভিজ্ঞতা।	ঐ
৯	অডিও ইকুইপমেন্ট অপারেটর ৯৩০০-২২৪৯০/-	০১টি	৩০ বৎসর	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোন স্বীকৃত ইনষ্টিটিউট হতে ইলেকট্রিক্যাল বিষয়ে বেসিক ট্রেড কোর্স সার্টিফিকেট; এবং (গ) অডিও যন্ত্রপাতি চালানোর ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।	ঐ

কর্মস্থল: জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম

১	২	৩	৪	৫	৬
১০	গ্রন্থাগারিক ২২০০০-৫৩০৬০/-	০১টি	৩০ বৎসর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে লাইব্রেরি সায়েন্স বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।	

কর্মস্থল: ওসমানী জাদুঘর, সিলেট

১	২	৩	৪	৫	৬
১১	সহকারী কীপার ২২০০০-৫৩০৬০/-	০১টি	৩০ বৎসর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইতিহাস বা ইসলামের ইতিহাস বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী; অথবা সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী।	
	সর্বমোট	১২টি			

০১. আবেদনকারীকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফরম পূরণ করে আবেদন করতে হবে। বাংলাদেশ জাতীয় জাদুঘর ওয়েবসাইট (www.bangladeshmuseum.gov.bd) হতে ডাউনলোড করে উক্ত নির্ধারিত ফরম হুবহু অনুসরণ করে পূরণক্রমে কুরিয়ার সার্ভিস বা ডাকযোগে আগামী ১৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ অফিস সময়ের মধ্যে সচিব, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা-১০০০ এই ঠিকানায় অবশ্যই পৌঁছাতে হবে। উক্ত তারিখ ও সময়ের পর প্রাপ্ত কোন আবেদন বিবেচনাযোগ্য হবে না। হাতে হাতে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। খামের উপর পদের নাম ও নিজ জেলার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

০২. আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত সংযুক্তি দাখিল করতে হবেঃ
(ক) যে কোন তফসিলী ব্যাংক এর মাধ্যমে আবেদনকারীকে ২০০/- (দুইশত) টাকা ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর' এর অনুকূলে আবেদনপত্রের সাথে সংযুক্ত করে প্রেরণ করতে হবে।
(খ) আবেদনপত্রে নির্ধারিত অংশে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১(এক) কপি ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে এবং ০২(দুই) কপি সত্যায়িত ছবি স্ট্যাপল করে সংযুক্ত করতে হবে।

০৩. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই নিম্নবর্ণিত সনদসমূহের মূল কপি প্রদর্শন করতে হবেঃ
(ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব, চারিত্রিক ও সকল প্রকার প্রশিক্ষণের সনদ ।
(খ) (প্রযোজ্য ক্ষেত্রে) (১) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ । তাছাড়া মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার সন্তানের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশন ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়নপত্র (২) এতিম নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতীয় এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ ।

০৪. ১৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হতে হবে । তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর । বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয় ।

০৫. সরকারি আধা-সরকারি ও স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে ।

০৬. নিয়োগের ক্ষেত্রে সরকারি বিদ্যমান কোটানীতি অনুসরণ করা হবে । কর্তৃপক্ষ এ বিষয়ে নিয়মমাফিক যে কোন পদক্ষেপ গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে । শূন্য পদ পূরণের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।

০৭. প্রাপ্ত আবেদনপত্র যাচাই/বাছাই এর পর কেবলমাত্র ক্রটিমুক্ত আবেদনপত্রের প্রার্থীদের বাছাই পরীক্ষার জন্য ডাকা হবে । পরীক্ষা/ইন্টারভিউতে অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না । শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশ গ্রহণ করতে পারবেন এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেন ।

০৮. যে কোন ধরণের তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে । কেউ তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে ।

০৯. কর্তৃপক্ষ, সরকারি বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১০. আবেদনপত্র জমাদান, লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ বা তুলনামূলক যোগ্যতায় উচ্চমান অর্জনের মাধ্যমে কোন প্রার্থী সংশ্লিষ্ট পদে নিয়োগের জন্য কোনো "আইনি" বা "মানবিক অধিকার" অর্জন করবেন না।

১১. আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

সচিব
বাংলাদেশ জাতীয় জাদুঘর
ফোন:- ৯৬৭৪৭৯৬
শাহবাগ, ঢাকা-১০০০, বাংলাদেশ।